



Bangladesh Madrasah Education Board, Dhaka.
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা



নং বামাশিবো/কমন/আর-৭১/৩৩০৫,


তারিখঃ ১৭/০৯/২০১৭ খ্রিঃ।

২০১৭ সালে আলিম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত
জরুরি বিজ্ঞপ্তি

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাযো যাচ্ছে যে, আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী যেসব শিক্ষার্থী এখনও ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে কোন মাদ্রাসায় আলিম ১ম বর্ষে ভর্তি হয় নাই তাদেরকে ১৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে ভর্তিচলু মাদ্রাসার মাধ্যমে মূল মার্কশিটের কপিসহ বোর্ডে রেজিস্ট্রার বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনকারীদের বোর্ড কর্তৃক নির্ধারিত মাদ্রাসায় ২৫/০৯/২০১৭ তারিখের মধ্যে ভর্তি হতে হবে। সংশ্লিষ্ট মাদরাসা শিক্ষার্থী প্রতি মাদ্রাসায় আবেদন ফি বাবদ ১৫০/- টাকা এবং রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা আদায় করবে।

বিষয়টি অতীব জরুরি।

উল্লেখ্য যে, অন্য কোন মাদ্রাসায় বা কলেজে ভর্তিকৃত কোন শিক্ষার্থী কর্তৃক আবেদন করা হলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


17.9.17

(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬১২৮৫৮।
২৭/৯/১৭

সংযুক্ত ঃ

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির সভাপতি কর্তৃক ১২/০৯/২০১৭ তারিখে স্বাক্ষরিত বিজ্ঞপ্তি।

২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি ও নিবন্ধন সংক্রান্ত জরুরী নোটিশ

- ১। যেসব শিক্ষার্থী কোন নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে আবেদনের মাধ্যমে ভর্তির সুযোগ পেয়ে ১৮৫/= টাকা রেজিস্ট্রেশন ফি জমা দিয়েছিল, কিন্তু শিক্ষা প্রতিষ্ঠান চূড়ান্ত নিশ্চায়ন করে নাই তাদেরকে আসন শূন্য থাকা সাপেক্ষে ২২/০৯/২০১৭ তারিখে সংশ্লিষ্ট কলেজ চূড়ান্ত নিশ্চায়ন করতে পারবে।
- ২। যেসব শিক্ষার্থী এখনও পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয় নাই- তারা ১৯/০৯/২০১৭ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে আসন শূন্য আছে এটা নিশ্চিত হয়ে শিফট, গ্রুপ উল্লেখ সহ ৫টি কলেজের EIIN সহ পছন্দক্রম উল্লেখ করে সংশ্লিষ্ট বোর্ডের চেয়ারম্যান বরাবর মূল মার্কশিটের ফটোকপিসহ লিখিত আবেদন করবে। তাদের আবেদনের প্রেক্ষিতে বোর্ড থেকে কলেজ নির্বাচন করে দেয়া হবে এবং শিক্ষার্থী এই নির্বাচিত প্রতিষ্ঠানে ২৫/০৯/২০১৭ তারিখের মধ্যে ভর্তি হবে। ভর্তির সময় প্রতিষ্ঠান নিজ ভর্তি ফিসহ বোর্ডের আবেদন ফি ১৫০/= টাকা এবং রেজি: ফি ১৮৫/= টাকা আদায় করবে।
- ৩। সমতুল্য এসএসসি সনদের মাধ্যমে শিক্ষার্থীরা ২৫/০৯/২০১৭ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তি হবে।
- ৪। গ্রুপ ও বিষয় পরিবর্তন: আগামী ১৬/০৯/২০১৭ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের চাহিদার প্রেক্ষিতে অভ্যন্তরীণভাবে অনুমোদিত বিষয় পরিবর্তন করতে পারবে, এ বিষয়ে বোর্ডকে অবহিত করার প্রয়োজন নাই। অন্যদিকে শিক্ষার্থীদের চাহিদার প্রেক্ষিতে আসন খালি থাকা সাপেক্ষে অনলাইনে গ্রুপ পরিবর্তন করতে পারবে। এক্ষেত্রে কোন ফি গ্রহণ করতে হবে না।
- ৫। রেজিস্ট্রেশন: আগামী ১৯/০৯/২০১৭ তারিখ থেকে ২৮/০৯/২০১৭ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন চলবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের পাসপোর্ট সাইজের ছবি, গ্রুপভিত্তিক বিষয় নির্বাচন এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে নির্দিষ্ট সময়ে অনলাইনে ভর্তি www.xiclassadmission.gov.bd এর মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করবে।
- ৬। অন-লাইনের বাইরে নটরডেম, হলিক্রস, সেন্ট বোসেফ, বিকেএসপি, ক্যাডেট কলেজ, বিদেশ কলেজসমূহে যেসব শিক্ষার্থী ভর্তি হয়েছে তাদের রেজিস্ট্রেশন প্যানেলে তথ্য উপস্থাপন করতে হবে এবং শিক্ষার্থী প্রতি ১৮৫/= টাকা রেজি: ফি সোনালী সেবার মাধ্যমে স্ব স্ব বোর্ডে প্রেরণ করতে হবে।


(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)
সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।